গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়
শরীয়তপুর।
(সাধারণ শাখা)
www.shariatpur.gov.bd

৩৩৩ এ কল দিন
সরকারি সেবার তথ্য নিন

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে শরীয়তপুর জেলা নৈতিকতা কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :**

সভাপতি : মো: পারভেজ হাসান, জেলাপ্রশাসক, শরীয়তপুর।
সভার স্থান : জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ২৫ জুন ২০২২, সময় : সকাল ১১:০০ টা।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন জাতীয় শুদ্ধাচার কৌশলের উদ্দেশ্য "সুখি সমৃদ্ধ সোনার বাংলা" এবং "রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা" করা। সে লক্ষ্যে সরকার ২০১২ সালে সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) NIS, প্রণয়ন করেছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ মোতাবেক প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, সচেতনতা বৃদ্ধি, শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান, ই-গর্ভন্যান্স ও মেধার মান উন্নীতকরণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা, জনসেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ এর উপর গুরুত্বারোপ করা হয়েছে।

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | কর্মকর্তা ও কর্মচারীদের চাকরি প্রশিক্ষণ আয়োজন | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে শুদ্ধাচার চর্চা বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) ও প্রশাসনিক কর্মকর্তা। |
| ০২. | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | অতিরিক্ত জলোপ্রশাসক (সার্বিক) ও প্রশাসনিক কর্মকর্তা। |
| ০৩. | সরকারি কর্মচারি আচরণ বিধিমালা ২০১৮ বাস্তবায়ন | শুদ্ধাচার প্রতিষ্ঠায় সরকারি কর্মচারি আচরণ বিধিমালা ২০১৮ বাস্তবায়ন করা যেতে পারে। | শুদ্ধাচার প্রতিষ্ঠায় সরকারি কর্মচারি আচরণ বিধিমালা ২০১৮ বাস্তবায়ন করতে হবে। | অতিরিক্ত জলোপ্রশাসক (সার্বিক) ও প্রশাসনিক কর্মকর্তা। |
| ০৪. | **সরকারি সেবা সহজীকরণ** | **সরকারি সেবা গ্রহণে সাধারণ মানুষ যাতে হয়রানি বা বঞ্চনার শিকার না হন সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে হবে।** | **সরকারি সেবা গ্রহণে সাধারণ মানুষ যাতে হয়রানি বা বঞ্চনার শিকার না হন, সে বিষয়ে শরীয়তপুর জেলার সকল অফিস প্রধানকে প্রতি মাসের জেলা উন্নয়ন ও সমন্বয় সভায় নির্দেশনা প্রদান করা হচ্ছে ও তা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে এবং এ ধারা অব্যাহত থাকবে। এছাড়া জেলাপ্রশাসক, শরীয়তপুর তাঁর আওতাধীন অফিসসমূহ পরিদর্শনে গিয়ে সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে নিয়মিত পরামর্শ প্রদান করেন।** | সকল দপ্তর |
| ০৫. | **ভূমি প্রশাসন ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও দক্ষতা বৃদ্ধি** | **ভূমি প্রশাসন ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও দক্ষতা বৃদ্ধি এবং সরকারি স্বার্থ রক্ষায় সচেষ্ট থাকতে হবে।** | শরীয়তপুর জেলায় প্রথমবারের মত ভূমি অধিগ্রহণ প্রক্রিয়ায় ড্রোন ব্যবহার করা হয়েছে। শরীয়তপুরের জাজিরা উপজেলার নাওডোবা রোডে চলমান ভূমি অধিগ্রহণ কার্যক্রমকে শতভাগ স্বচ্ছ ও দুর্নীতিমুক্ত করতে উচ্চ রেজুলেশনের ক্যামেরাযুক্ত ড্রোনের সাহায্যে প্রকল্প এলাকার ভিডিও ধারণ করা হয়েছে। এতে করে জমির প্রকৃত মালিক তার প্রাপ্য বুঝে পাবে, অবৈধ সুযোগ গ্রহণকারীদের দৌরাত্ম্য কমবে এবং সরকারের অর্থের সঠিক ব্যয় নিশ্চিত হবে। **ভূমি প্রশাসনের স্বচ্ছতা ও সরকারি স্বার্থ রক্ষার বিষয়ে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান** | অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব) উপজেলা নির্বাহী অফিসার (সকল) ভূমি অধিগ্রহণ কর্মকর্তা রেভিনিউ ডেপুটি কালেক্টর সহকারী কমিশনার (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | করা হয়েছে এবং ভূমি সেবার ধরণ ও সেবা গ্রহণের মূল্য তালিকা দৃশ্যমান রাখা এবং ভূমি অফিস দালালমুক্ত করার জন্য ই-মিউটেশন কার্যক্রম চালু করা হয়েছে এবং ভূমি কর্মকর্তাদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়াও অধিক স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে শরীয়তপুর জেলায় ১ম, ২য় ও ৩য় পর্যায়ের পাইলটিং প্রকল্পের মাধ্যমে ৬৮ (আটষট্টি) টি মৌজার ভূমি উন্নয়ন কর অনলাইনে আদায়ের লক্ষ্যে পাইলটিং কার্যক্রম চলমান আছে এবং ০১ মার্চ ২০২২ হতে ই-পর্চা সরবরাহ শুরু করা হয়েছে। ভূমি প্রশাসন ব্যবস্থাপনায় স্বচ্ছতা বৃদ্ধিতে জনগণের সরাসরি অংশগ্রহণে জেলাপ্রশাসক, অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব), রেভিনিউ ডেপুটি কালেক্টর ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) এর উপস্থিতিতে "গণশুনানী ও ভূমি সেবা মঞ্চ" আয়োজনের কর্মসূচি চলমান রয়েছে। এতে সাধারণ মানুষ, মাঠ পর্যায়ের জনপ্রতিনিধি ও সাংবাদিকবৃন্দ উপস্থিত হয়ে সার্বিক ভূমি ব্যবস্থা নিয়ে তাদের অভিজ্ঞতা, অভিযোগ উপস্থাপনসহ তাদের আকাঙ্ক্ষা ব্যক্ত করেন। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: পারভেজ হাসান)
জেলাপ্রশাসক
শরীয়তপুর।
ফোন : ০২-৪৭৮৮১৫১৪১
e-mail: dcshariatpur@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৩০.৮৬০০.০০৬.১২.০৩৮.২২- ৫১৮(৩৫)

তারিখ : ১২ আষাঢ় ১৪২৯ / ২৬ জুন ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, শরীয়তপুর।
০৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, শরীয়তপুর।
০৬. উপজেলা নির্বাহী অফিসার, শরীয়তপুর সদর/জাজিরা/নড়িয়া/ভেদরগঞ্জ/ডামুড্যা/গোসাইরহাট, শরীয়তপুর।
০৭. সহকারী কমিশনার (ভূমি), শরীয়তপুর সদর/জাজিরা/নড়িয়া/ভেদরগঞ্জ/ডামুড্যা/গোসাইরহাট, শরীয়তপুর।
০৮. জনাব ......................................................, সহকারী কমিশনার, জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর।
০৯. প্রশাসনিক কর্মকর্তা, জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর।
১০. ......................................................, উপ-প্রশাসনিক কর্মকর্তা/সহকারী প্রশাসনিক কর্মকর্তা/উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা/অফিস সহকারী, জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর।

(মো: পারভেজ হাসান)
জেলাপ্রশাসক
শরীয়তপুর।